

আজ ইস্ট ইণ্ডিয়া বডি বিল্ডিং চ্যাম্পিয়নশিপ

স্টারক রিপোর্ট।। ৪৬তম রাজ্যভিত্তিক বডি বিল্ডিং প্রতিযোগিতা শনিবার
গুরু হয়েছে। এদিন কামালঘাটাটিছিত ইকফাই বিশ্ববিদ্যালয়ে বিকাল
৪.৩০মিনিটে উদ্বোধন হয়। এতে বিধায়ক ডাঃ দিলীপ দাস, পশ্চিম
ত্রিপুরা জেলার সভাপতিপতি অসম সরকার দেব, সুরেশ কদম, সুভাব দত্ত,
ভবেশ চন্দ্র রায়, বাদল সাহা, প্রফেসর বিপ্লব হালদার প্রয়োগে উপস্থিত
ছিলেন। এদিন অনুষ্ঠানে একটি স্মার্টেনিয়ার প্রকাশ করা হয়। এই আসরে
৯১ জন ছেলে এবং ৭ জন মহিলা খেলোয়াড় অংশ নিয়েছে। রাজ্যের
বাইরে থেকে এসেছেন বিচারকরা। উদ্বোধনের পর পরই শুরু হয়ে গেছে
লড়াই।

এদিনকে রবিবার একই তেন্ত্যাতে অনুষ্ঠিত হবে ১৭তম ইস্ট ইণ্ডিয়া বডি
বিল্ডিং প্রতিযোগিতা। এদিন উপস্থিত ধাকার কথা রয়েছে টিসি সভাপতি
ডাঃ মানিক সাহা, বিধায়ক ডাঃ দিলীপ দাস, ইণ্ডিয়ান বডি বিল্ডিং
ফেডারেশনের সচিব সুরেশ কদম, ইকফাই বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার
ডঃ এ রসমাথ, ইস্ট ইণ্ডিয়া বডি বিল্ডিং ফেডারেশনের সভাপতি শামল
চন্দ্র রায়, দেবপ্রিয় বৰ্মন, ভবেশ চন্দ্র রায় প্রয়োগদের। এই আসরে উপস্থিত
থেকে অংশগ্রহণকারী খেলোয়াড়দের উৎসাহিত করার জন্য অনুরোধ
আনিয়েছেন আয়োজক কমিটির সচিব মিহির শীল।

Aaj Kehi Farujad ২৭/০৩/২০২২ ৭x৪ cm

পূর্বাঞ্চলীয় বডি বিল্ডিং'র প্রস্তুতি চূড়ান্ত



প্রতিবাদী কলম কুঠাড়া প্রতিনিধি, ১৭-তম পূর্বাঞ্চলীয় বডি বিল্ডিং
আগরতলা, ২৬ মার্চ : আগামীকাল
কামালঘাটাটের ইকফাই বিশ্ববিদ্যালয়ে
প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ৪১
বছর পর রাজ্য বডি বিল্ডিং'র^১
জাতীয় আসর হচ্ছে। স্বত্বাবতী
সংগঠকদের মধ্যে ব্যাপক ব্যৱস্থা।
প্রতিযোগিতাকে সকল করে তুলতে
দিন-রাত পরিশ্রম করে চলেছেন
তারা। বাংলা, বিহার, ওডিশা প্রমুখ
রাজ্যের বডি বিল্ডাররা তাদের
দৈহিক শিল্পকলা প্রদর্শন করবেন।
শনিবার এই আসর উপলক্ষ্যে রাজ্য
বডি বিল্ডিং অ্যাসোসিয়েশনের
তরফে একটি স্মরণিকা প্রকাশ করা
হয়। এরপর ৪৬-তম রাজ্যভিত্তিক
আসর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে
উপস্থিত ছিলেন বিধায়ক ডাঃ দিলীপ
দাস, ইকফাই বিশ্ববিদ্যালয়ের ভাইস
চ্যাম্পেল সহ অন্যান্যরা।
রাজ্যভিত্তিক আসরে পূর্ব বিভাগে
৯১ জন এবং মহিলা বিভাগে ৭ জন
খেলোয়াড় অংশগ্রহণ করে। প্রতিটি
বিভাগে প্রথম তিনজন খেলোয়াড়
আগামীকাল পূর্বাঞ্চলীয় আসরে
অংশগ্রহণ করবে।

স্বাধীনস্বরী, প্রকাশক, মুদ্রক ও সম্পাদক অনল রায় চৌধুরী কর্তৃক চৌধুরী ভবন, হারিগঙ্গা বাসাক রোড, মেলারমাটি, আগরতলা, প্ৰি-

Brahlibadi Kalem ২৭/০৩/২০২২ 10x12 cm